

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.২১.২০২৩. ১৯৮


তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মনির হোসেন মোল্লা, সহকারি শিক্ষক, রামগঞ্জ এম.ইউ. সরকারি উচ্চ বিদ্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর কর্তৃক ১৪ বছর বয়সী জনাব মো: ইয়াসিন আরাফাত জীবন কে কান ধরে বেঞ্চ থেকে উঠিয়ে আনা এবং পরীক্ষার হলে সব শিক্ষার্থীর সামনে বেত্রাঘাতের মাধ্যমে আহত করার অভিযোগ উত্থাপিত হয়েছে। তা জেলা শিক্ষা অফিসার নোয়াখালী কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব মনির হোসেন মোল্লা

গ্রাম: নওহাটা (মোল্যা বাড়ী), ডাকঘর: রামপুর নওহাটা, থানা: হাজীগঞ্জ, জেলা: চাঁদপুর।

বর্তমান কর্মস্থল:

জনাব মনির হোসেন মোল্লা

সহকারি শিক্ষক

চাঁদপুর গভ: টেকনিক্যাল হাই স্কুল, চাঁদপুর।

অনুলিপি:


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মনির হোসেন মোল্লা, সহকারি শিক্ষক, রামগঞ্জ এম.ইউ. সরকারি উচ্চ বিদ্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর কর্তৃক ১৪ বছর বয়সী জনাব মো: ইয়াসিন আরাফাত জীবন কে কান ধরে বেঞ্চ থেকে উঠিয়ে আনা এবং পরীক্ষার হলে সব শিক্ষার্থীর সামনে বেত্রাঘাতের মাধ্যমে আহত করার অভিযোগ উত্থাপিত হয়েছে। তা জেলা শিক্ষা অফিসার নোয়াখালী কর্তৃক তদন্তে প্রমাণিত হয়;

জনাব মনির হোসেন মোল্লা, সহকারি শিক্ষক, রামগঞ্জ এম.ইউ. সরকারি উচ্চ বিদ্যালয়, রামগঞ্জ, লক্ষ্মীপুর এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


(সোলেমান খান)
সচিব